

শেষ হলো ৩ দিনের আন্তর্জাতিক পর্যটন মেলা

- A Monitor Desk Report

Date: 11 February, 2024



ঢাকা : ছুটির দিন শনিবার (১০ ফেব্রুয়ারি) ভ্রমণপ্রিয়দের পদভারে মুখর হয়ে উঠেছিলো ‘বিমান-ঢাকা ট্রাভেল মার্চ ২০২৪’ শীর্ষক তিনদিনের আন্তর্জাতিক পর্যটন মেলা।

রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁ হোটেলে এ মেলার শেষ দিনে এমন দৃশ্যই চোখে পড়েছে। বিভিন্ন বয়সী মানুষ ছুটে এসেছে এ মেলায়। একে একে ঘুরে দেখেছে বিভিন্ন স্টল।

আকর্ষণীয় ভ্রমণ প্যাকেজে নিজেদের পছন্দের জায়গায় ঘুরে বেড়ানোর সুযোগটাও লুফে নিয়েছে অনেকেই।

ভ্রমণ ও পর্যটন বিষয়ক প্রকাশনা দি বাংলাদেশ মনিটর আয়োজিত মেলাটির টাইটেল স্পন্সর জাতীয় পতাকাবাহী বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। বাংলাদেশ ট্যুরিজম বোর্ড এবং শীর্ষস্থানীয় গ্লোবাল ডিস্ট্রিবিউশন সিস্টেম (জিডিএস) প্রতিষ্ঠান Sabre মেলার পার্টনার হিসেবে অংশ নেয়। সবার জন্য উন্মুক্ত এ মেলা শুরু হয় বৃহস্পতিবার (৮ ফেব্রুয়ারি)। তিন দিনের মেলা প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৮টা পর্যন্ত খোলা ছিল দর্শনার্থীদের জন্য।

মেলা চলাকালীন অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলো তাদের পন্য ও সেবার ওপর দর্শনার্থীদের জন্য বিশেষ মূল্যছাড় অফার করছে। মূল্যছাড়ের আওতায় ছিলো এয়ার টিকিট, হোটেল ও রিসোর্ট আবাসন, ভ্রমণ প্যাকেজ ইত্যাদি। ভ্রমণে বুকিং দিলেই ছাড় পেয়েছে ক্রেতারা। আর এ জন্যই মেলার প্রতি মানুষের আগ্রহের কমতি ছিল না।

এ ছাড়া শনিবার (১০ ফেব্রুয়ারি)শেষ দিন হওয়াতে দর্শনার্থীদের উপচেপড়া ভিড় লক্ষ করা গেছে মেলায়। বিশেষ করে বিকেলের দিকে মেলা প্রাঙ্গণ ছিল সব বয়সী মানুষের কোলাহলে মুখর।

কেউ এসেছে বাচ্চাকে সঙ্গে নিয়ে, কেউ বা এসেছে বন্ধু কিংবা পুরো পরিবারকে নিয়ে।

রাজধানীর উত্তরা থেকে পরিবারসহ মেলা দেখতে আসেন ফয়সাল আজাদ। তিনি বলেন, 'ভ্রমণ আমাদের অত্যন্ত পছন্দের। পর্যটনবিষয়ক কোনো কিছুর খোঁজ পেলেই ছুটে যাই। এখানে এসেও ভালো লাগছে।

একই কথা বললেন মিরপুর থেকে আসা হাসান জামিল খাঁন। তিনি বলেন, 'মেলার আয়োজনটি চমৎকার ছিলো। বিশেষ করে বিশ্বের বিভিন্ন দেশের স্টল থাকায় ওইসব দেশের প্রতি আমাদের আগ্রহ আরো বেড়েছে। পাশাপাশি আমাদের দেশের সঙ্গে সেইসব দেশের একটা সুসম্পর্ক তৈরি হচ্ছে। সব মিলিয়ে মেলা চমৎকার।'

এবারের মেলায় বাংলাদেশ ছাড়াও ভারত, মালদ্বীপ, ভিয়েতনাম, থাইল্যান্ড, তুরস্ক, আরব আমিরাতে ও নেপাল অংশগ্রহণ করে।

মেলার সমাপনি দিনে দর্শনার্থীদের উপস্থিতিতে এন্ট্রি টিকিটের ওপর গ্র্যান্ড রাফেল ড্র অনুষ্ঠিত হয়। রাফেল পুরস্কারের মধ্যে ছিলো জেদ্দা/মদীনা, মালদ্বীপ, দুবাই, ব্যাংকক, দিল্লী, মুম্বাই, কলকাতা, কক্সবাজার, সিলেট এবং চট্টগ্রাম ভ্রমণের জন্য রিটার্ন টিকিট; ঢাকা, চট্টগ্রাম, সিলেট, বান্দরবান এবং কুয়াকাটায় বিভিন্ন তারকা হোটেল ও রিসোর্টে আবাসন, দুজনের জন্য ডিনার কুপন ইত্যাদি।

বাংলাদেশ মনিটর ২০০২ সালে দেশের প্রথম আন্তর্জাতিক পর্যটন মেলা 'ঢাকা ট্রাভেল মার্চ' প্রবর্তন করে। পরবর্তীতে মেলাটি প্রতি বছর অনুষ্ঠিত হয়ে আসছে। এবারের মেলাটি ঢাকা ট্রাভেল মার্চের ১৯তম সংস্করণ।

-Biplob